‘প্রিয় মালতী’ সিনেমায় মুগ্ধ দর্শক

written by Chandradip News24 | December 21, 2024

মেহজাবীন চৌধুরীর অভিনীত সিনেমা ‘প্রিয় মালতী’ মুক্তির পর থেকেই দর্শকদের মধ্যে সাড়া ফেলেছে। প্রেক্ষাগৃহে সিনেমা দেখার পর এক সাক্ষাৎকারে অভিনেত্রী জানান, ভালো গল্প এবং অর্থবহ কাজের মাধ্যমেই তিনি দর্শকদের মন জয় করতে চান।

সিনেমাটি মুক্তির প্রসঙ্গে মেহজাবীন বলেন, “যতদিন বেঁচে থাকব, অভিনয়ের সঙ্গে থাকতে চাই। অর্থবহ গল্পের সঙ্গে কাজ করতে চাই। এই সিনেমাটি দর্শকদের জন্য করেছি। আপনারা হলে গিয়ে সিনেমাটি দেখুন এবং মতামত দিন।”

তিনি আরও বলেন, “অনেক আগে চাইলে সিনেমায় নায়িকা হয়ে যেতাম। তবে তখন হয়তো দর্শকদের কাছ থেকে আজকের মতো ভালোবাসা পেতাম না। ভালো কাজের জন্য একটু সময় নেওয়া জরুরি। অভিজ্ঞতা এবং শেখার মাধ্যমে ভালো কাজ উপহার দেওয়া সম্ভব।”

‘প্রিয় মালতী’ সিনেমাটি পরিচালনা করেছেন শঙ্খ দাশগুপ্ত এবং যৌথভাবে প্রযোজনা করেছে ফ্রেম পার সেকেন্ড ও চরকি। এতে

মেহজাবীনের সঙ্গে অভিনয় করেছেন নাদের চৌধুরী, শাহজাহান সম্রাট, রিজভী রিজুসহ আরও অনেকে।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম